# রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

**রাজউক ভবন, ঢাকা।**

**www.rajukdhaka.gov.bd**

নং- ২৫.৩৯.০০০০.০০৯.১১.০২২(২৬).১৮.৯১২

তারিখ- ২২ বৈশাখ ১৪২৬
০৫ মে ২০১৯

## নিয়োগ বিজ্ঞপ্তি নং- ০১/২০১৯

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং- ২৫.০০.০০০০.০১৯.০১.০৪.৯৯-৫৮৬, তারিখ- ১৬ অক্টোবর ২০১৮ খ্রিঃ এর মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত পদসমূহে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদ নাম ও বেতন স্কেল/২০১৫ | পদ সংখ্যা | সর্বোচ্চ বয়সসীমা | নূন্যতম যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১। | সহকারী প্রকৌশলী (সিভিল)<br>টাঃ ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ১২<br>(বার) | ৩০ বৎসর | সিভিল ইঞ্জিনিয়ারিং এ বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ০২। | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>টাঃ ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ০৩<br>(তিন) | ৩০ বৎসর | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ০৩। | সহকারী পরিচালক<br>টাঃ ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ১২<br>(বার) | ৩০ বৎসর | দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ০৪। | সহকারী পরিচালক (রিসার্চ ও ডকুমেন্টেশন)<br>টাঃ ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ০১<br>(এক) | ৩০ বৎসর | ভূগোল ও পরিবেশ বিদ্যা, সমাজবিজ্ঞান বা অর্থনীতিতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। অথবা নগর অঞ্চল ও পরিকল্পনা বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রী। |
| ০৫। | সহকারী অথরাইজড অফিসার<br>টাঃ ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ১০<br>(দশ) | ৩০ বৎসর | সিভিল ইঞ্জিনিয়ারিং, স্থাপত্য অথবা নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ০৬। | সহকারী নগর পরিকল্পনাবিদ<br>টাঃ ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ১১<br>(এগার) | ৩০ বৎসর | নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ০৭। | সহকারী স্থপতি<br>টাঃ ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ০১<br>(এক) | ৩০ বৎসর | স্থাপত্য বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ০৮। | সহকারী আইন কর্মকর্তা<br>টাঃ ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯) | ০২<br>(দুই) | ৩০ বৎসর | দ্বিতীয় শ্রেণীর এল.এল.বি (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর এলএল.এম ডিগ্রী এবং বার কাউন্সিলের সদস্যপদ থাকিতে হইবে। |
| ০৯। | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)<br>টাঃ ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | ১০<br>(দশ) | ৩০ বৎসর | পুরকৌশল প্রকৌশলে দ্বিতীয় বিভাগে ডিপ্লোমা। |
| ১০। | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>টাঃ ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | ০৩<br>(তিন) | ৩০ বৎসর | মেকানিক্যাল প্রকৌশলে দ্বিতীয় বিভাগে ডিপ্লোমা। |
| ১১। | প্রধান ইমারত পরিদর্শক<br>টাঃ ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | ১২<br>(বার) | ৩৫ বৎসর | স্থাপত্য অথবা সিভিল প্রকৌশল বিষয়ে ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ১২। | হিসাবরক্ষক<br>টাঃ ১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১) | ০১<br>(এক) | ৩০ বৎসর | বাণিজ্যে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১৩। | তত্ত্বাবধায়ক<br>টাঃ ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | ০৪<br>(চার) | ৩০ বৎসর | দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১৪। | এস্টেট পরিদর্শক<br>টাঃ ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | ০৩<br>(তিন) | ৩০ বৎসর | দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১৫। | কানুনগো<br>টাঃ ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | ০১<br>(এক) | ৩০ বৎসর | ৪ (চার) বছর মেয়াদী সার্ভে (জরীপ) ডিপ্লোমা। |
| ১৬। | ইমারত পরিদর্শক<br>টাঃ ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | ৫৯<br>(উনষাট) | ৩০ বৎসর | স্থাপত্য বা পুর কৌশল বিষয়ে ডিপ্লোমা। |
| ১৭। | নথিরক্ষণ কর্মকর্তা<br>টাঃ ১১৩০০-২৭৩০০/- (গ্রেড-১২) | ০৬<br>(ছয়) | ৩০ বৎসর | দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ কম্পিউটারে প্রশিক্ষনপ্রাপ্ত। |
| ১৮। | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর<br>টাঃ ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ০৩<br>(তিন) | ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;<br>(খ) প্রার্থীর কম্পিউটার টাইপিং এ বাংলায় ২৫ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে; |
| ১৯। | নিরীক্ষক<br>টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ০১<br>(এক) | ৩০ বৎসর | বাণিজ্যে স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার চালনায় বাস্তব অভিজ্ঞতা। |
| ২০। | উচ্চমান সহকারী<br>টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ০৯<br>(নয়) | ৩০ বৎসর | স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার চালনায় বাস্তব অভিজ্ঞতা। |
| ২১। | সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ১২<br>(বার) | ২৫ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;<br>(খ) প্রার্থীর কম্পিউটার টাইপিং এ বাংলায় ২৫ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে; |

| ক্রমিক নং | পদ নাম ও বেতন স্কেল/২০১৫ | পদ সংখ্যা | সর্বোচ্চ বয়সসীমা | নূন্যতম যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২২। | ফটোগ্রাফার<br>টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ০১<br>(এক) | ৩০ বৎসর | দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সাটিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ২৩। | সার্ভেয়ার<br>টা: ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫) | ৩৭<br>(সাইত্রিশ) | ৩০ বৎসর | ০৪ (চার) বছর মেয়াদী সার্ভে ডিপ্লোমা। |
| ২৪। | অপারেটর<br>টা: ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫) | ০৩<br>(তিন) | ৩০ বৎসর | উচ্চ মাধ্যমিক স্কুল সাটিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং অটোমোবাইল বা মেকানিক্যাল ট্রেড কোর্স সার্টিফিকেটসহ হালকা ও ভারী গাড়ী বা হাইড্রোলিক সিস্টেমের ভারী গাড়ী চালনা, যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ২৫। | লিফটম্যান<br>টাঃ ৯০০০-২১৮০০/- (গ্রেড-১৭) | ০২<br>(দুই) | ৩০ বৎসর | মাধ্যমিক স্কুল সাটিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ লিফট রক্ষণাবেক্ষণ কাজে প্রশিক্ষণপ্রাপ্ত, দক্ষ ও অভিজ্ঞ। |

২। **নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পুরন এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরন করতে হবে:**

ক. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০১৩ অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

খ. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং ০৯/০৫/২০১৯ইং তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৪ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

গ. সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত আগ্রহী প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

ঘ. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ঙ. লিখিত/মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি এ/ডি এ প্রদান করা হবে না।

চ. প্রার্থীকে আবেদনের সময় প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা গ্রহণের পর কেবল উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।

(i) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি।

(ii) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদের সত্যায়িত কপি।

(iii) চাকরির আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখকরত:) জাতীয়তার সনদের মূল/সত্যায়িত কপি।

(iv) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।

(v) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা সনদ (মন্ত্রণালয়ের সনদ, বামুস সনদ), মুক্তিবার্তা/গেজেট নম্বর ও তারিখ, মুক্তিযোদ্ধার বয়স প্রমাণের লক্ষ্যে এসএসসি সনদ/জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার মৃত্যু সনদ এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত কাগজপত্রসহ প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন পত্র। প্রার্থী এবং তার পিতা-মাতার জাতীয় পরিচয় পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(vi) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)

ছ. বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা কম / বেশি হতে পারে।

জ. কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যে কোন সময় এ নিয়োগ কার্যক্রম / প্রক্রিয়া স্থগিত / বাতিলের অধিকার সংরক্ষণ করে।

ঝ. নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

ঞ. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে অনলাইনে আবেদন দাখিল করলে / চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদনপত্র / নিয়োগাদেশ বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। **আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলিঃ**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://rajuk.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:-

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৯/০৫/২০১৯ইং তারিখ সকাল ০৯.০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১০/০৬/২০১৯ইং তারিখ বিকাল ০৫.০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও আবেদন ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি এবংস্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি ও টেলিটক সার্ভিস চার্জসহ উপরে ছকে বর্ণিত ক্রমিক নং (১-৮) ভুক্ত পদের বিপরীতে মোট টাঃ ৭০০/- (টাকা সাতশত) মাত্র এবং ক্রমিক নং (৯-২৫) ভুক্ত পদের বিপরীতে ৫০০/- (টাকা পাঁচশত) মাত্র অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না'।**

প্রথম SMS: RAJUK<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example:** RAJUK ABCDEF

Reply: Applicant's Name, Tk-700/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type RAJUK<Space>Yes < Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: RAJUK<space>YES<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example:** RAJUK YES 12345678

**Reply:** Congratulations Applicant's Name, payment completed successfully for RAJUK Application for <post name> User ID is (ABCDEF) and password (xxxxxx).

(চ) **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://rajuk.teletalk.com.bd **অথবা রাজউকের ওয়েবসাইট** www.rajukdhaka.gov.bd **এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

(ছ) **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।**

(জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে RAJUK<space>Help<space>User<space>User ID Send to 16222.
Example: RAJUK HELP USER ABCDEF & Send to 16222

(ii) PIN Number জানা থাকলে: RAJUK<space>Help<space> PIN<space>PIN No & Send to 16222.
Example: RAJUK HELP PIN 12345678 & Send to 16222

৪। রাজউক নিয়োগ পরীক্ষা, ২০১৯ এর বিজ্ঞপ্তি, Online-এ আবেদনপত্র পূরণের নিয়ামাবলি, SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়ামাবলি ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি http://rajuk.teletalk.com.bd অথবা রাজউকের ওয়েবসাইট www.rajukdhaka.gov.bd এ পাওয়া যাবে।

(খন্দকার অলিউর রহমান)
পরিচালক (প্রশাসন)
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।

E:\Rasel 2019\Recruitment\Circular 2019 02.05.2019.doc